



Bangabandhu Parishad Australia Inc.

Reg No. INC9891249

সংবাদ বিজ্ঞপ্তি

সিডনিতে বঙ্গবন্ধু পরিষদের জাতীয় শোক দিবস পালন



বঙ্গবন্ধুর আবক্ষ মৃত্যিতে পুষ্পস্তবক অপর্ণ করছেন বাংলাদেশ সরকারের প্রবাসি কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান বিষয়ক মন্ত্রী জনাব নুরুল ইসলাম বিএসসি মাননীয় মন্ত্রীর সহধর্মিনী সানোয়ারা ইসলাম এবং বঙ্গবন্ধু পরিষদের সভাপতি মফিজুল হক

বঙ্গবন্ধু পরিষদ অস্ট্রেলিয়া আয়োজিত বাংলাদেশের স্থপতি, বাঙালী জাতির জনক, হাজার বৎসরের শ্রেষ্ঠ বাঙালী বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪২তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস যথাযথ মর্যাদা ও ভাবগভীর পরিবেশে পালিত হয়েছে। বঙ্গবন্ধু পরিষদ অস্ট্রেলিয়ার উদ্যোগে দিবসটি পালিত হয়।

এ উপলক্ষে ওয়েস্টার্ন সিডনি বিশ্ববিদ্যালয়ে স্থাপিত বঙ্গবন্ধুর আবক্ষ মূর্তিতে পুষ্পস্তবক অর্পণ করেন অস্ট্রেলিয়া সফররত বাংলাদেশ সরকারের প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের মন্ত্রী জনাব নুরুল ইসলাম বিএসসি। গত ১৫ আগস্ট স্থানীয় সময় বিকেল ৪টায় বঙ্গবন্ধু পরিষদ অস্ট্রেলিয়ার নেতাদের সঙ্গে নিয়ে তিনি পুষ্পস্তবক অর্পণ করেন। এ সময় ওয়েস্টার্ন সিডনি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. দাউদ হাসান ও ড. মমতা চৌধুরীসহ বঙ্গবন্ধু পরিষদ অস্ট্রেলিয়ার সভাপতি মফিজুল হক, সহসভাপতি সৈয়দ শাহ আলম, সাধারণ সম্পাদক ইফতেখার উদ্দিন ইফতু, কোষাখ্যক্ষ এম এ মনসুর, মনজুর হোসাইন, জহিরুল ইসলাম মহসিন, জিয়াউল কবির জিয়ন, তোফিকুল ওহাব, এনামুল হক, আনোয়ারুল হক, সুধীর মন্ত্রী ও মাননীয় মন্ত্রীর সহধর্মী সানোয়ারা ইসলাম এবং সানোয়ারা করপোরেশনের ব্যবস্থাপনা পরিচালক মুজিবুর রহমান উপস্থিত ছিলেন।



বঙ্গবন্ধুর আবক্ষ মূর্তিতে পুষ্পস্তবক অর্পণ শেষে মাননীয় মন্ত্রী নুরুল ইসলাম ও বঙ্গবন্ধু পরিষদের নেতৃবৃন্দ

পুষ্পস্তবক অর্পণ শেষে মাননীয় মন্ত্রী জনাব নুরুল ইসলাম - বঙ্গবন্ধু পরিষদ অস্ট্রেলিয়াকে ধন্যবাদ জানান। এবং সবাইকে বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গড়ার জন্য কাজ করে যাওয়ার আহ্বান জানান।